**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**<u>Headlines :</u>**

**(১) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে রাজ্যেও Citizenship Amendment Act অর্থাৎ নাগরিকত্ব সংশোধনী আইন কার্যকর করার প্রস্তুতি চলছে ।**

**(২) চলমান তাপপ্রবাহের কারণে উদ্‌ভুত পরিস্থিতি মোকাবেলায় রাজ্য স্বাস্থ্য দপ্তর ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে ।**

**(৩) অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম দফার জন্য প্রার্থীপদ প্রত্যাহারের আজ ছিল শেষ দিন ।**

**(৪) সিঙ্গাপুরে আন্তর্জাতিক সিটি ওয়ার্ল্ড প্যারা সুইমিং চ্যাম্পিয়নশীপে রাজ্যের দুই প্যারা সাঁতারু সমীর বর্মন ও বিনিত রায় প্রথম দফায় সফল ।**

**************************************************

**CAA Tripura :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে রাজ্যেও Citizenship Amendment Act অর্থাৎ নাগরিকত্ব সংশোধনী আইন কার্যকর

করার প্রস্তুতি চলছে। আগরতলায় জনগননা কার্য্য নির্দেশনালয়ের অধিকর্তা রবীন্দ্র রিয়াং আজ আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন, CAA কার্যকরের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশ অনুযায়ী ইতিমধ্যে রাজ্যেও জেলাস্তরে এমপাওয়ারড কমিটি গঠন করা হয়েছে। সাত সদস্যের রাজ্য পর্যায়ে অর্থাৎ State Level Empowerd Committee-র চেয়ারম্যান হয়েছেন জনগননা কার্য্য নির্দেশনালয়ের অধিকর্তা। এই কমিটিতে অন্যান্য সদস্যরা হলেন এস আই বি-র প্রতিনিধি, এন আই সি-র সিনিওর ইনফরমেটিক অফিসার, ফরেন রিজিওনাল রেজিষ্ট্রেশন অফিসার, পোষ্ট মাষ্টার জেনারেল বা পোষ্টাল অফিসার, ডিভিশনাল রেলওয়ে ম্যানেজারের প্রতিনিধি এবং আমন্ত্রিত সদস্য হিসাবে রয়েছেন রাজ্য সরকারের স্বরাষ্ট্র সচিব। অন্যদিকে পাঁচ সদস্যের জেলাস্তরের এমপাওয়ারড কমিটির চেয়ারম্যান হয়েছেন সিনিয়র সুপারিন্টেন্ডেন্ট অফ পোষ্টাল।

জনগননা অধিকর্তা আরো জানান, রাজ্যের এডিসি এলাকায় নাগরিকত্ব সংশোধনী আইন কার্যকর করা হবে না। এই আইন অনুযায়ী নাগরিকত্ব পাবার জন্য https:India citizenship online. nic. in এই website এ আবেদন করা যাবে। এবিষয়ে আরো জানতে মোবাইল এপ CAA 19, অথবা 1031 এই হেল্পলাইন নম্বরে যোগাযোগ করা যাবে।

নাগরিকত্ব আইন অনুযায়ী ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর বা তার আগে, প্রতিবেশী বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্তান থেকে হিন্দু, শিখ, জৈন, খ্রীষ্টান, পার্সি ও বৌদ্ধ ধর্মাবলম্বীর জনগন যারা ভারতে এসে বসবাস করছেন ও ভারতের নাগরিকত্ব গ্রহন

করতে ইচ্ছুক তাদের আবেদন ভিত্তিতে যাচাই করে নাগরিকত্ব দেওয়া হবে।

*****************************

**Heatwave, CMO :**

চলমান তাপপ্রবাহের কারণে উদ্‌ভুত পরিস্থিতি মোকাবেলায় ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে রাজ্য স্বাস্থ্য দপ্তর। সিপাহীজলা জেলাতেও চলছে সচেতনতামূলক প্রচার, সতর্কতা মূলক বিভিন্ন কার্যক্রম। জেলার অন্তর্গত বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে আলোচনা ও প্রশিক্ষণ কর্মসূচি চলছে। তাপপ্রবাহের কারনে অসুস্থতা নিয়ে কোন রোগী হাসপাতালে এলে, তাদের চিকিৎসার জন্য সিপাহীজলা জেলার প্রতিটি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে বিশেষ ব্যবস্থা যুক্ত পৃথক কক্ষের ব্যবস্থা করা হয়েছে। রয়েছে স্বাস্থ্যকর্মীদের পৃথক টিম। তাছাড়াও সব হাসপাতালে খোলা হয়েছে ORS সেন্টার। জেলার অন্তর্গত ১৪২টি স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্র সহ সবকটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, সামাজিক স্বাস্থ্যকেন্দ্র ও মহকুমা হাসপাতালে ORS সেন্টার ও পৃথক কক্ষের ব্যবস্থা করা হয়েছে বলে সিপাহীজলা জেলার স্বাস্থ্য আধিকারিক ডক্টর দেবাশীষ দাস আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে এক সাক্ষাৎকারে জানিয়েছেন।

****************************

**Heatwave-Dhalai :**

চলমান তাপপ্রবাহের কারণে অসুস্থতা নিয়ে কোনো রোগী হাসপাতালে এলে তাদের চিকিৎসা পরিষেবা প্রদানের লক্ষ্যে ধলাই জেলা হাসপাতালেও বিশেষ ব্যবস্থা রাখা হয়েছে। ধলাই জেলা

হাসপাতালের মেডিকেল সুপারিনটেনডেন্ট ডাঃ বিধান ভৌমিক আজ জানিয়েছেন, এর জন্য জেলা হাসপাতালে একটি স্পেশাল টীম রয়েছে। এ ধরনের রোগীদের জন্য জেলা হাসপাতালে আইসোলেশন ওয়ার্ডও রয়েছে।

*****************************

**RO-East :**

পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ গতকাল আমবাসা চান্দ্রাইপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে থাকা স্ট্রং রুম পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন ধলাই জেলার অতিরিক্ত জেলা শাসক বিবেক এইচ বি। পরিদর্শন শেষে রিটার্নিং অফিসার জানান, এই জেলায় সবগুলি স্ট্রং রুম সুরক্ষিত রয়েছে।

**************************

**Meeting-Malaria :**

ম্যালেরিয়া প্রতিরোধে স্বাস্থ্য সচিব আজ রাজ্যের সমস্ত জেলার জেলাশাসকদের সঙ্গে ভিডিও কনফারেন্সে বৈঠক করেন। বৈঠকে ম্যালেরিয়া প্রতিরোধে সরকারের কর্ম পরিকল্পনা, গৃহীত পদক্ষেপগুলির মূল্যায়ন সহ নতুন কর্মসূচি প্রণয়ন সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করা হয়। বৈঠকে দ্রুততার সাথে রাজ্যের বিভিন্ন জলাশয়গুলিতে লার্ভা ভক্ষণকারী মাছ ছাড়ার কাজ দ্রুত সম্পন্ন করা, প্রায় সাড়ে নয় লক্ষ ওষুধ যুক্ত মশারি বিতরণ করা, বিভিন্ন স্থানে লার্ভানাশক স্প্রে করা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

**********************************************

**National Health Mission :**

শহরকে মশার প্রাদুর্ভাব থেকে মুক্ত করতে ও ম্যালেরিয়া রোগ থেকে মানুষকে সুরক্ষিত রাখতে আজ জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষ থেকে অবলা চৌমুহনি সহ আগরতলা শহরে বিভিন্ন নর্দমায় গাম্বুশিয়া মাছ ছাড়া হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, জাতীয় স্বাস্থ্য মিশনের অতিরিক্ত মিশন অধিকর্তা বিনয় ভূষণ দাস সহ অন্যান্য আধিকারিকরা। শ্রী দাস বলেন মানুষকে মশা বাহিত রোগ থেকে সুরক্ষিত রাখতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। সপ্তাহব্যাপী এই কর্মসূচি চলবে বলে তিনি জানান। তাছাড়া তিনি সবার কাছে কোনো জায়গায় জল জমতে না দেওয়া সহ পরিবেশ পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান।

***************************

**World Hypertention Day :**

আজ বিশ্ব হাইপারটেনশন ডে বা উচ্চ রক্তচাপ দিবস। এই উপলক্ষে রাজ্যের প্রতিটি সাব সেন্টার, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র সহ হাসপাতালগুলিতে বিনামূল্যে প্রেসার মাপা হয় ও ডায়াবেটিস রোগ চিহ্নিত করার পর বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। জাতীয় স্বাস্থ্য মিশন এর স্টেট প্রোগ্রাম অফিসার ডা: কল্লোল কুমার রায় আকাশবাণীকে এখবর জানান।

*********************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তারিত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর

অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

****************************

**Election, 7th phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম দফার জন্য প্রার্থীপদ প্রত্যাহারের আজ ছিল শেষ দিন। সাতটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৭টি লোকসভা আসনে এই পর্বে আগামী মাসের ১ তারিখে ভোট নেয়া হবে। উত্তরপ্রদেশ ও পাঞ্জাবের তেরোটি করে আসন, পশ্চিমবঙ্গের নয়টি, বিহারের আটটি, ওড়িশার ছয়টি, হিমাচল প্রদেশের চারটি, ঝাড়খণ্ডের তিনটি এবং চণ্ডীগড়ের একটি আসনে সপ্তম তথা শেষ পর্যায়ে ভোটগ্রহণ করা হবে। সব পর্বের ভোট গণনা হবে চৌঠা জুন।

******************************

**PM Campaign :**

সংখ্যালঘু সংরক্ষণ বিষয়ে আজ আবারও কংগ্রেসের সমালোচনা করলেন প্রধানমন্ত্রী ও বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি। তিনি বলেন যে বাবা সাহেব ভীমরাও আম্বেদকর প্রকাশ্যে ধর্মের ভিত্তিতে সংরক্ষণের বিরোধিতা করেছিলেন। উত্তরপ্রদেশের হামিরপুর জেলায় আজ নির্বাচনী সমাবেশে তিনি একথা বলেন।

এর আগে, বারাবাঙ্কিতে একটি সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী সমাজবাদী দল ভোটব্যাঙ্ক এবং তুষ্টির রাজনীতি করছে বলে অভিযোগ করেন। প্রধানমন্ত্রী আজ ফতেহপুর জেলাতেও একটি জনসভায় বক্তব্য রাখেন।

প্রতিরক্ষা মন্ত্রী এবং বরিষ্ঠ বিজেপি নেতা রাজনাথ সিং বালিয়া জেলায় নির্বাচনী জনসভায় ভাষণ দেন।

সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব এবং প্রাক্তন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী আজ যৌথভাবে আমেথি থেকে কংগ্রেস প্রার্থী কিশোরী লাল শর্মার পক্ষে প্রচার করেন। অখিলেশ যাদব বলেন যে, ক্ষমতায় এলে ভারত ব্লক কৃষকদের কল্যাণে ন্যূনতম সহায়ক মূল্য নিয়ে আইন করবে।

বহুজন সমাজ পার্টির প্রধান মায়াবতী আজ প্রতাপগড় জেলায় একটি রাজনৈতিক সমাবেশে ভাষণ দেন এবং তিনি বিজেপি ও কংগ্রেসের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ করেন।

***************************

**CPIM :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ রাজ্যের মুখ্য সচিবের কাছে এক চিঠি দিয়ে রাজ্যের পাহাড়ি অঞ্চলের সংকটজনক পরিস্থিতি মোকাবেলায় কার্যকরী পদক্ষেপ নেবার জন্য অনুরোধ জানান। চিঠিতে শ্রী চৌধুরী উল্লেখ করেন যে সম্প্রতি সিপিআইএম দলের চারজন বিধায়ক প্রত্যন্ত অঞ্চলের বিশেষ করে ছামনু, গোবিন্দ বাড়ি, লালছড়া, ৩২ মাইল ইত্যাদি এলাকা পরিদর্শন করে এসে ওই এলাকার সংকটজনক পরিস্থিতি দেখে উদ্বেগ প্রকাশ করেন।

*******************************

**Organisational meeting-Congress :**

বামুটিয়া ব্লক কংগ্রেসের উদ্যোগে আজ তালতলা এলাকায় এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, প্রদেশ মহিলা কংগ্রেসের সভানেত্রী সর্বানী ঘোষ চক্রবর্তী, গোমতী ও দক্ষিণ জেলা কংগ্রেস সাধারণ সম্পাদক মিলন কর, বামুটিয়া ব্লক কংগ্রেস সভাপতি সুনীল দত্ত প্রমুখ।

*******************************

**CPIM Deputation at Belonia :**

সিপিআইএম বিলোনিয়া মহকুমার কমিটির পক্ষ থেকে বিভিন্ন দাবিতে আজ বিলোনিয়া মহকুমা শাসক রিংকু লেথারের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবিগুলি হল, রেগা ও টুয়েপের কাজ দ্রুত চালু করা, বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক, টেঙ্কারে করে গ্রাম পাহাড়ে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা ও বিদ্যাজ্যোতি স্কুলগুলির সমস্যা নিরসন করা। ডেপুটেশনে ৫ সদস্যের প্রতিনিধি দলে নেতৃত্ব দেন বিধায়ক দীপংকর সেন, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত।

***************************

**Remedial Coaching :**

C.B.S.E পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কমপার্টমেন্টাল প্রাপক ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ কোচিং/ক্লাস আজ থেকে ঊনকোটি জেলার ১০টি বিদ্যাজ্যোতি বিদ্যালয়ে শুরু হয়েছে। প্রতিসপ্তাহে সোমবার থেকে শুক্রবার সকাল ১১টা থেকে ক্লাস শুরু হবে। উল্লেখ্য ঊনকোটি জেলাতে এবছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ৪৮০ জন

ছাত্র-ছাত্রী কমপার্টমেন্টাল পেয়েছে। বিষয়ভিত্তিকভাবে বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকারাই পাঠদানে যুক্ত রয়েছেন। ঊনকোটি জেলার জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার জানান, মাসকয়েকের মধ্যে অনুষ্ঠেয় বিশেষ পরীক্ষায় যাতে শিক্ষার্থীরা সফলভাবে কৃতকার্য হতে পারে তার জন্যই এই বিশেষ উদ্দোগ।

****************************

**Blood Donation :**

আগরতলায় টেরেসা ডায়াগনস্টিক সেন্টারের ২৬তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ সেন্টারে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, আমতলী বিবেকনগর স্থিত রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী শুভকরানন্দজী মহারাজ সহ অন্যান্যরা। মুখ্যমন্ত্রী বলেন রাজ্যের হাসপাতাল গুলিতে রক্তের চাহিদা মেটাতে এই ধরনের ক্যাম্প অত্যাবশ্যক। তিনি সকলকে এই মহৎ দানে এগিয়ে আসার আহ্বান জানান। শিবিরে ৫০ জন রক্তদান করেন।

রামনগর রিয়াদুল জান্নাহ্ জামে মসজিদের উদ্যোগে আজ এক স্বেচ্ছা রক্ত দান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা, পুর মেয়র দীপক মজুমদার, বাংলাদেশ সহকারী হাইকমিশনের প্রথম সচিব মোহাম্মদ রেজাউল হক সহ অন্যান্যরা। মুখ্যমন্ত্রী প্রতিটি ক্লাবকে রক্তদানের তালিকা প্রস্তুত করার অনুরোধ জানান। বাংলাদেশ সরকারি হাই কমিশনের প্রথম সচিব মোহাম্মদ রেজাউল হক চৌধুরী বলেন, রক্তদান শিবির ভ্রাতৃত্ববোধকে সুদৃঢ় করে। মেয়র দীপক মজুমদার বলেন,

রাজ্যে কোন মসজিদের উদ্যোগে প্রথমবারের মত রক্তদান শিবির একটি দৃষ্টান্ত স্থাপন করল। শিবিরে প্রায় পঞ্চাশ জন রক্তদাতা স্বেচ্ছা রক্ত দান করেন।

*******************************

**Maitri Sansad :**

কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষে মৈত্রী সংসদের উদ্যোগে আগামী ২৪শে মে থেকে তিন দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মৈত্রী সংসদের সহ-সভাপতি সন্দীপ দত্ত চৌধুরী আজ আগরতলা প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান, তিন দিনব্যাপী কর্মসূচিতে বাংলাদেশ, পশ্চিমবঙ্গ, বাহারিন, আমেরিকা, লন্ডন সহ দেশ-বিদেশ থেকে ৪০ জন নজরুল অনুগামী বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেবেন। আগরতলার রেন্টারস সোসাইটিতে কাজী নজরুল ইসলামের একটি পূর্ণ অবয়ব মূর্তির আবরণ উন্মোচন করা হবে। নজরুল জন্ম জয়ন্তী উদযাপন উপলক্ষে একটি আন্তর্জাতিক স্মারক গ্রন্থ প্রকাশ করা হবে বলে তিনি জানান।

*******************************

**Para Swimmer :**

সিঙ্গাপুরে আন্তর্জাতিক সিটি ওয়ার্ল্ড প্যারা সুইমিং চ্যাম্পিয়নশীপে রাজ্যের দুই প্যারা সাঁতারু সমীর বর্মন ও বিনিত রায় প্রথম দফায় সফল হয়েছেন। আগামী ১৯শে মে ঘোষিত হবে চূড়ান্ত ফলাফল। এই আসরে এবারই প্রথম ভারতীয় দলের হয়ে ত্রিপুরা থেকে দুইজন প্যারা সুইমার অংশগ্রহণ করেন। আসরে ক্লাসিফিকেশনে সমীর ও বিনীত দুজনেই উত্তীর্ণ হন। হিট ওয়ানে

নেমে সমীর বর্মণের পজিশন এস-এইট। অপরদিকে হিট টুতে নেমে বিনীত রায়ের পজিশন এস-নাইন। দুজনেই ১০০ মিটার ফ্রি স্টাইলে নিজেদের যোগ্যতার পরিচয় দেন। আন্তর্জাতিক এই চ্যাম্পিয়নশিপে ২১টি দেশের ১৩১ জন সেরা সাঁতারু অংশগ্রহণ করেছেন। দলের কোচ দীপক দাসের এখবর জানান।

***************************

**Cricket :**

ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের তিনটি খেলায় আজ ওল্ড প্লে সেন্টার, পোলস্টার ক্লাব ও হার্ভে ক্লাব জয়লাভ করেছে। নরসিংগড়ের টিআইটি মাঠে হার্ভে ক্লাব ৭৯ রানে কসমোপলিটন ক্লাবকে, এমবিবি স্টেডিয়ামে ওল্ড প্লে সেন্টার ৪৮ রানে মৌচাক ক্লাবকে এবং পুলিশ ট্রেণিং একাডেমি মাঠে পোলস্টার ক্লাব ১৬০ রানে ইউনাইটেড বিএসটি'কে পরাজিত করে।

**************************

**Inter Schoo Boy's Cricket Tournament-Santirbazar :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত আন্ত: স্কুল ক্রিকেট টুর্নামেন্টর আজকের ম্যাচে উত্তর তৈখামা দ্বাদশ স্কুল ৯ উইকেটে শান্তিরবাজার দ্বাদশ স্কুলকে পরাজিত করেছে। বাইখোড়া মাঠে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে শান্তিরবাজার দ্বাদশ স্কুল সবউইকেট হারিয়ে ৩০ ওভারে মাত্র ৮৯ রান সংগ্রহ করে। জবাবে উত্তর তৈখামা দ্বাদশ স্কুল ১১ ওভার ২ বলে ১ উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান তুলে নেয়।

************************

**Weather :**

রাজ্যে গরম প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বৃদ্ধি অব্যাহত রয়েছে। আজ এবং আগামীকাল এই পরিস্থিতি অব্যাহত থাকবে বলে আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে। আজ রাজ্যের সর্বোচ্চ তাপমাত্রা আটত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন আঠাশ ডিগ্রী সেলসিয়াস। এই মরশুমে আজই উষ্মতম দিন। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ আটত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন আঠাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

********************************